গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নোয়াখালী সরকারি মহিলা কলেজ, নোয়াখালী
ফোন ঃ ০২৩৩৪৪-৩৩৭৯৮
ওয়েব সাইট: www. noakhaligmc.gov.bd ই-মেইল : noakhaligmc@gmail.com

স্মারক নংঃ নোসমক/২০২৫/ তারিখ: ০৩/০৯/২০২৫খ্রি.

# ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, যারা নোয়াখালী সরকারি মহিলা কলেজে ভর্তির জন্য নির্বাচিত হয়েছে এবং ভর্তির নিশ্চায়ন সম্পন্ন করেছে তাদের ভর্তির কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ভর্তির তারিখ, সময়, স্থান ও ফি :

| গ্রুপ/শাখা | তারিখ ও বার | সময় ও স্থান | ভর্তি ফি |
|---|---|---|---|
| বিজ্ঞান | ০৮/০৯/২০২৫ (সোমবার) | সকাল: ৯.৩০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত কলেজ অডিটোরিয়াম (১০৭ নং কক্ষ) | ২৩১৫ |
| মানবিক | ০৯/০৯/২০২৫ (মঙ্গলবার) | | ২২১৫ |
| ব্যবসায় শিক্ষা | ১০/০৯/২০২৫ (বুধবার) | | ২২১৫ |

## ধাপ-১: নির্বাচিত প্রত্যেক শিক্ষার্থীকে ভর্তি ফি প্রদান করতে হবে;

### ভর্তি ফি প্রদান পদ্ধতি

- নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি ফি কলেজ নির্ধারিত শুধুমাত্র সোনালী ব্যাংক পেমেন্ট গেটওয়ের ওয়েবসাইট **https://studentsheba.com** অথবা **sheba e-pay** মোবাইল এ্যাপ থেকে অনলাইনের মাধ্যমে পেমেন্ট করতে হবে।
- শিক্ষার্থীর সোনালী ব্যাংক হিসাব/বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ/নেক্সাস কার্ড/মাস্টার কার্ড যেকোনো মাধ্যমে উক্ত ফি পরিশোধ করা যাবে।
- পেমেন্ট আইডি: শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার রোল নাম্বার দিতে হবে
- পাসওয়ার্ড: ১০৭৬৫৮
- সোনালী ব্যাংক পেমেন্ট গেটওয়ে ছাড়া অন্য কীওয়ার্ডে টাকা জমা দিলে তা ফেরত দেয়া হবে না।

## ধাপ-২: শিক্ষার্থীকে কলেজে ভর্তির ফরম অনলাইনে পূরণ করতে হবে;

### ভর্তি ফরমপূরণের পদ্ধতি

- ভর্তি ফরম পূরণের ওয়েব সাইট https://admission.studentsheba.com/login অথবা নোয়াখালী সরকার মহিলা কলেজের ওয়েবসাইট www.noakhaligmc.gov.bd তে গিয়ে **HSC Admission Link** ক্লিক করে **Student ID SSC Roll & Password College EIIN 107658** দিয়ে **Login** করে চাহিত তথ্য দিয়ে ফরম পূরণ করতে হবে (ফরম পূরণে সতর্কতা অবলম্বন করতে হবে একবার ফরমপূরণ করলে তা নিজে সংশোধন করতে পারবে না)
- ফরমে ১টি পাসপোর্ট সাইজের ছবি আপলোড করে দিতে হবে (এই ছবি দিয়ে পরবর্তীতে তার আইডি কার্ড, রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রের জন্য ব্যবহার করা হবে যা পরবর্তীতে পরিবর্তন করা যাবে না। তাই ভালোমানের ছবি আপলোডে ব্যবহার করতে হবে।)
- ফরমপূরণের সময় নিম্নের শাখা ওয়ারী বিষয় নির্বাচন করতে হবে।

| শাখা | আবশ্যিক বিষয় সমূহ | নৈর্বাচনিক বিষয় সমূহ (যে কোন ৩টি) | চতুর্থ/ঐচ্ছিক বিষয় (যে কোন ১টি) |
|---|---|---|---|
| বিজ্ঞান | বাংলা<br>ইংরেজি<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) | ১। পদার্থবিজ্ঞান<br>২। রসায়ন<br>৩। উচ্চতর গণিত/ জীববিজ্ঞান (যেকোন ১টি) | উচ্চতর গণিত/ জীববিজ্ঞান (যেকোন ১টি) |
| ব্যবসায় শিক্ষা | বাংলা<br>ইংরেজি<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) | ১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা<br>২। হিসাববিজ্ঞান<br>৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা | অর্থনীতি/ভূগোল (যেকোন ১টি) |
| মানবিক | বাংলা<br>ইংরেজি<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) | ১। পৌরনীতি ও সুশাসন<br>২। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>৩। অর্থনীতি/যুক্তিবিদ্যা/ভূগোল (যেকোন ১টি) | অর্থনীতি/যুক্তিবিদ্যা/ভূগোল/ ইসলাম শিক্ষা (যেকোন ১টি) |

## ধাপ-৩: ভর্তির সময় যেসকল কাগজপত্র কলেজে জমা দিয়ে ভর্তি সম্পন্ন করতে হবে;

(ক) ভর্তির আবেদনপত্র (অনলাইনে পূরণকৃত)
(খ) এসএসসি মূল মার্কশীট
(গ) সোনালী ব্যাংক পেমেন্ট গেটওয়ে সোনালী সেবার টাকা জমা দেয়ার রশিদ
(ঘ) এসএসসি মার্কশীট-এর ০৩টি ফটোকপি
(ঙ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ছবি ০৩ কপি
(চ) মুক্তিযোদ্ধার (পুত্র/কন্যা) সন্তানদের কোটা শনাক্তকরণ প্রমাণের প্রত্যয়নপত্র, মুক্তিযোদ্ধার মূল সনদের ফটোকপি, পিতা ও মাতার মূল জাতীয় পরিচয়পত্রের ফটোকপি
(ছ) পোষ্য কোটার ক্ষেত্রে পিতা/মাতার কর্মস্থলের প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র (শুধুমাত্র নোয়াখালী জেলায় কর্মরত হতে হবে)
(জ) ভর্তি সংক্রান্ত যে কোন প্রয়োজনে কলেজ অফিস/শিক্ষকবৃন্দের সাথে যোগাযোগ করা যেতে পারে।

**সকল কাগজপত্র কলেজে জামা না দিলে ভর্তি বাতিল বলে গণ্য হবে**

**ফরমপূরণ করতে সমস্যা হলে সংযুক্ত নির্দেশনা দেখুন।**

অধ্যক্ষ
নোয়াখালী সরকারি মহিলা কলেজ
নোয়াখালী।

Admission Plus

Online Admission System

**আমাদের কাস্টমার সার্ভিস প্রতিনিধির সাথে কথা বলতে কল করুন**


**09610-912912, 01951-901919**

## “অনলাইনের মাধ্যমে শিক্ষার্থীদের প্রতিষ্ঠানের একাদশ শ্রেণীতে এডমিশনের ফি প্রদান ও ফর্ম পূরনের পদ্ধতি”


অনলাইনের মাধ্যমে শিক্ষার্থীদের এডমিশনের ফি প্রদান ও ফর্ম পূরনের জন্য শিক্ষার্থীরা তাদের নিজস্ব প্রতিষ্ঠানের ওয়েবসাইটে গিয়ে পেমেন্ট বাটনে ক্লিক করতে হবে।

অথবা যেকোন ব্রাউজার (গুগল ক্রোম, মজিলা ফায়ারফক্স, ওপেরা ইত্যাদি) এ ইউ আর এল (**URL**) অপশনে গিয়ে **studentsheba.com/login** লিখে ইন্টার (**Enter**) চাপুন।


এখানে নিচের ছবির মত দেখতে একটি লগ ইন পেজ আসবে। শিক্ষার্থী আইডি (**SSC Roll/Reg. No**) ও প্রতিষ্ঠান এর ইআইআইএন (**EIIN**) নাম্বার বসিয়ে লগ ইন করতে হবে।





শিক্ষার্থীর ইনফরমেশন যাচাই করে **Fees Payment** বাটনে ক্লিক করুন




এখান থেকে পেমেন্ট অপশন এ গিয়ে একাডেমিক ইয়ার সিলেক্ট করে সার্চ দিন। এডমিশন ফিহেড ও এমাউন্ট দেখাবে। এখানে পেমেন্ট **Month** সিলেক্ট করে পেমেন্ট এমাউন্ট কনফার্ম করে পে বাটনে ক্লিক করুন।





পে বাটনে ক্লিক করলে অন্য একটি ট্যাব এ সোনালী ব্যাংক এর পেমেন্ট গেটওয়ে (**Sonali Payment Gateway**) পেজ প্রদর্শিত হবে এবং নিচের ছবির মত একটি পেজ আসবে। গেটওয়েটে পেমেন্ট ইনফরমেশন এ ফি এর সকল তথ্য দেখা যাবে। উপরোক্ত পেজ থেকে আপনি যেকোন অপশন ব্যবহার করে ফি পরিশোধ করতে পারবেন।




আপনার পরিশোধকৃত এডমিশন ফি এর ভাউচারে দেখতে চাইলে **Student Sheba** এর **Fee Report** অপশনে ক্লিক করুন। তাহলে নিচের ছবির মত একটি **Report** দেখাবে। যেখান থেকে আপনি ফি ইনভয়েস আইডি অনুযায়ী এডমিশন ফি এর কপি ডাউনলোড করে রাখতে পারবেন




স্টুডেন্ট সেবা থেকে **Online Admission Form** বাটনে ক্লিক করুননিচের ছবির মত একটি পোর্টাল প্রদর্শিত হবে শিক্ষার্থী আইডি ও প্রতিষ্ঠান এর ইআইআইএন (**EIIN**) নাম্বার বসিয়ে লগ ইন করুন।




শিক্ষার্থীরা আইডি/এস.এস.সি রোল /এডমিশন রোল ইনপুট করুন

প্রতিষ্ঠান এর ইআইআইএন (**EIIN**) নাম্বার অথবা প্রতিষ্ঠানের আইডি।

নিচের ছবির মত একটি পোর্টাল প্রদর্শিত হবে শিক্ষার্থীরা সকল ইনপুট ফিল পূরন করে নেক্সট বাটন ক্লিক করুন।




শিক্ষার্থীরা নিজের তথ্য নির্ভুল ভাবে পূরণ করবে।

পাসপোর্ট সাইজ ছবি (১ এমবি) আপলোড করতে হবে

শিক্ষার্থীরা আভিভাবকের তথ্য নির্ভুল ভাবে পূরণ করবে।


শিক্ষার্থীরা স্থায়ী ঠিকানার তথ্য নির্ভুল ভাবে পূরণ করবে।

পিতা মাতার অবর্তমানে অভিভাবকের তথ্য

শিক্ষার্থীদের এসএসসি/ সমমান পরীক্ষার তথ্য নির্ভুল ভাবে পূরণ করবে।

শিক্ষার্থীরা সকল তথ্য নির্ভুল ভাবে পূরণ করে **NEXT** বাটনে ক্লিক করুন।


## শিক্ষার্থীদের সচেতনতার সাথে কি কি সাবজেক্ট ইলেক্টিভ/ মেইন সাজেক্ট /৪র্থ বিষয় রাখতে চায় তা সিলেক্ট করে সাবমিট বাটন ক্লিক করুন




শিক্ষার্থীদের সচেতনতার সাথে কি কি সাবজেক্ট ইলেক্টিভ/ মেইন সাজেক্ট এবং ৪র্থ বিষয় রাখতে চায় তা সিলেক্ট করতে হবে।

প্রতিষ্ঠানের অঙ্গীকারনামা টিক মার্ক দিয়ে সাবমিট বাটনে ক্লিক করে ফর্মপূরণ সম্পুর্ণ করতে হবে।

## শিক্ষার্থীরা আপ্লিকেশন ফর্ম ডাউনলোড করে নিজ নিজ প্রতিষ্ঠানে জমা দিন




পরবর্তী অনুসন্ধানের জন্য **Application Form** ডাউনলোড করে রাখতে পারেন।